



বি এ এফ শাহীন কলেজ ঢাকা

তেজগাঁও, ঢাকা-১২০৬

২০১৬ শিক্ষাবর্ষে শিশু (KG) ও প্রথম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলী

- ১। ২০১৬ শিক্ষাবর্ষে NCTB পাঠ্যসূচি অনুযায়ী বাংলা এবং ইংলিশ ভার্সন-এ শিশু (KG) শ্রেণিতে (প্রভাতী ও দিবা শাখায়) ও প্রথম শ্রেণিতে (দিবা শাখায়) ছাত্রছাত্রী ভর্তির জন্য ১৮-২৮ অক্টোবর ২০১৫ তারিখ (শুক্রবার ব্যতিত) ০৯০০-১৩০০ ঘটিকার মধ্যে শাহীন হলের কাউন্টারে ২০০/- (দুইশত) টাকা নগদ জমা দিয়ে ভর্তির ফরম সংগ্রহ করা যাবে।
- ২। বাংলাদেশ বিমান বাহিনীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং বি এ এফ শাহীন কলেজ ঢাকা'র শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্শনদের জন্য নীল ফরম এবং অন্যান্যদের জন্য সাদা ফরম প্রদান করা হবে।
- ৩। একই প্রার্থী ইংরেজি ভার্সন ও বাংলা মাধ্যমে আবেদন করতে ইচ্ছুক হলে পৃথক পৃথক ফরম সংগ্রহ করতে হবে এবং তা পূরণ করে জমা দিতে হবে।
- ৪। একই ভার্সনে প্রত্যেক প্রার্থীর জন্য একটি ফর্ম প্রযোজ্য। একাধিক ফর্ম জমা দিলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য করা হবে।
- ৫। ০১ জানুয়ারি ২০১৬ তারিখে শিশু শ্রেণিতে ভর্তির জন্য প্রার্থীর বয়স ৫ হতে ৬ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স ৬ বৎসরের উর্ধ্ব হলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৬। ০১ জানুয়ারি ২০১৬ তারিখে প্রথম শ্রেণিতে ভর্তির জন্য প্রার্থীর বয়স ৬ হতে ৭ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স ৭ বৎসরের উর্ধ্ব হলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৭। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম ১৮ অক্টোবর ২০১৫ থেকে ০৫ নভেম্বর ২০১৫ পর্যন্ত ০৯০০ ঘটিকা থেকে ১৩০০ ঘটিকার মধ্যে (শুক্রবার ব্যতিত) জমা নেয়া হবে এবং লটারীর তারিখ ও সময় সম্বলিত সীল দিয়ে প্রবেশপত্র ফেরৎ দেয়া হবে।
- ৮। বিমান বাহিনীতে কর্মরত সদস্যের সন্শনদের ক্ষেত্রে আবেদন ফরমে জন্ম তারিখ ও বর্তমান বাসস্থানের ঠিকানা সহ নিজ নিজ ইউনিট অধিনায়কের সীল ও স্বাক্ষর সহ প্রত্যয়ন থাকতে হবে অথবা ফরমের সাথে প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে।
- ৯। **আবেদন ফরম ও প্রবেশ পত্র পূরণের নিয়মাবলী :**
 - ক। আবেদন ফরম এবং প্রবেশপত্র বাংলা মাধ্যমের জন্য বাংলায় এবং ইংরেজি ভার্সনের জন্য ইংরেজিতে পূরণ করতে হবে।
 - খ। আবেদন ফরম এবং প্রবেশপত্রের প্রতিটিতে ফটোচিত্রিত স্থানে প্রার্থীর এক কপি করে সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ফটো স্টাপলার পিন দ্বারা সংযোজন করতে হবে। ফটোর পেছনে প্রার্থীর নাম, পিতার নাম ও ফর্ম নম্বর উল্লেখ থাকতে হবে।
 - গ। প্রার্থীর নাম এবং জন্ম তারিখ, জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী স্পষ্টাক্ষরে সঠিকভাবে লিখতে হবে। ফর্মের সাথে জন্মনিবন্ধনের সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
 - ঘ। আবেদন ফরমের ক্রমিক নম্বরই পরীক্ষার রোল নম্বর হিসেবে বিবেচিত হবে।
 - ঙ। পিতা বা অভিভাবকের পেশা চাকুরী হলে পদবী ও দপ্তরসহ নাম লিখতে হবে। ব্যবসায়ীর ক্ষেত্রে পদবী ও ব্যবসা প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। শুধু ব্যবসা বা চাকুরী লিখলে হবে না।
 - চ। আবেদন ফরমে কোনো তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। **লটারীর তারিখ (শিশু ও প্রথম শ্রেণি) :** ০৫ ডিসেম্বর ২০১৫ (শনিবার) ১০০০ ঘটিকায়।
- ১১। লটারীর সময় প্রতি প্রার্থীর একজন অভিভাবক উপস্থিত থাকতে পারবেন (প্রার্থীর উপস্থিতির প্রয়োজন নাই)।
- ১২। **ফলাফল প্রকাশ :** লটারীর মাধ্যমে নির্বাচিতদের তালিকা কলেজ ওয়েবসাইটে (www.bafsd.edu.bd) এবং কলেজের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে লটারীর তারিখ ও সময় এবং ফলাফল প্রকাশের তারিখ পরিবর্তন করতে পারবেন। অত্র বিজ্ঞপ্তি ও নিয়মাবলীতে উল্লেখিত বিষয়বলীর কোনো পরিবর্তন করা হলে তা পূর্বের দিন কলেজ নোটিশবোর্ডে ও ওয়েবসাইটে দেয়া হবে যা সংশ্লিষ্ট সকলকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

তারিখ : ১২-১০-২০১৫

অধ্যক্ষ
বি এ এফ শাহীন কলেজ ঢাকা